দৈনিক ইনকিলাব

তারিখ 21 JUN 1997
পৃষ্ঠা ১২ কলাম ৬

06

# মসজিদ-মাদ্রাসার বিরুদ্ধে ষড়যন্ত্র সরকারের পতন ডেকে আনবে

## —বিএনপি নেতৃবৃন্দ

বিএনপির জাতীয় নির্বাহী কমিটির যুগ্ম-মহাসচিব অধ্যাপক এমএ মান্নান এমপি, ছাত্র বিষয়ক সম্পাদক ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি ও ঢাকা মহানগরী বিএনপির আহবায়ক সাদেক হোসেন খোকা এমপি এক যুক্ত বিবৃতিতে উপমহাদেশের ঐতিহ্যবাহী দ্বীনি মাদ্রাসা জামি'আ মুহাম্মাদিয়া আরাবিয়ার বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রের তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে বলেছেন, মসজিদ-মাদ্রাসার বিরুদ্ধে ষড়যন্ত্র সরকারের পতন ডেকে আনবে।

তারা বলেন, বর্তমান সরকার অতীতের স্বৈরাচারী এরশাদ সরকারের মত উক্ত মাদ্রাসা ধ্বংসের ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এ ষড়যন্ত্রের অংশ হিসাবে সরকারের হাই কোর্টের নিষেধাজ্ঞা অমান্য করে পূর্ত মন্ত্রণালয়ের সেটেলমেন্ট কার্যালয় থেকে মাদ্রাসার জমিতে অবৈধ বরাদ্দপত্র ইস্যু করেছে। এছাড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন মাদ্রাসার জায়গায় অবৈধ রাস্তা ও মার্কেট তৈরীর ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে—যা আদালত অবমাননার শামিল। নেতৃবৃন্দ অবিলম্বে মাদ্রাসার জমি দখলকারী সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতার এবং আদালত অবমাননার অভিযোগে ঢাকা সিটি কর্পোরেশন ও পূর্ত মন্ত্রণালয়ের সেটেলমেন্ট কর্তৃপক্ষের বিচার, মসজিদ-মাদ্রাসা ভাঙ্গা ও লুটপাটের ক্ষতিপূরণ এবং বেদখলী জমি পুনরুদ্ধারের জন্য সরকারের প্রতি আহবান জানান। অন্যথায় সরকারের ইসলাম-বিদ্বেষী কর্মকাণ্ডের দাঁতভাঙ্গা জবাব দেয়া হবে বলে তারা হুঁশিয়ারি উচ্চারণ করেন। প্রেস বিজ্ঞপ্তি।